বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৬৮

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০
২৬ জুন ২০২৩

বিষয়: **বিএআরসি এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা (২০২২-২৩) অনুসারে ৪র্থ ত্রৈমাসিক সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি, ২০২২-২০২৩ কর্মপরিকল্পনা অনুসারে ৪র্থ প্রান্তিকে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তের আলোকে গত ২৫/০৬/২০২৩ তারিখ সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী কাউন্সিলের ০১টি নাগরিক সেবা, ০১টি দাপ্তরিক সেবা ও ০১ টি অভ্যন্তরীণ সেবা সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রদান করা হয়েছে কি না তা পরবীক্ষণ কমিটি কর্তৃক পরিদর্শনপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো।

২৬-৬-২০২৩
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান
ফোন: +৮৮০২-৪১০২৫২৫২
ফ্যাক্স: +৮৮-০২-২২২২৪২৬৪৬
ইমেইল: ec.barc@barc.gov.bd

সচিব
সচিবের দপ্তর
কৃষি মন্ত্রণালয়

**দৃষ্টি আকর্ষণঃ** যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৬৮/১(১৫)

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০
২৬ জুন ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) সদস্য পরিচালক এবং পরিচালক (সকল), বিএআরসি, ঢাকা।
২) উপসচিব , মনিটরিং ও রিপোর্টিং শাখা, কৃষি মন্ত্রণালয়
৩) সদস্য সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
৪) প্রোগ্রামার, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ কর্ হলো)।

২৬-৬-২০২৩
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার

**বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল**
**ফার্মগেট, ঢাকা-১২১৫**
www.barc.gov.bd

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা এর আওতায় সেবাপ্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২৩) সেবা পরিবীক্ষণ প্রতিবেদন।**

গত ২৫/০৬/২০২৩ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২২-২০২৩ কর্মপরিকল্পনার ১.২ কার্যক্রম অনুসারে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক গত ১৮/০৪/২০২৩ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কাউন্সিলের ০১টি নাগরিক সেবা (সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ), ০১টি দাপ্তরিক সেবা (সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন) এবং ০১টি অভ্যন্তরীণ সেবা (ছুটি নগদায়ন) সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী বাস্তাবায়ন করা হয়েছে কি না তা পরিদর্শন করে পরীক্ষা করা হয় যা নিম্নে উপস্থাপন করা হলো:

**১) সার ও সার উৎপাদনের কাচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ:** বিএআরসি এর সার ও সার উৎপাদনের কাচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ সেবাটি নাগরিক সেবার আওতাধীন। এজন্য সেবা গ্রহীতা প্রতিষ্ঠানকে কাউন্সিলের ওয়েবসাইটে আপলোডকৃত নির্ধারিত ফরমে প্রয়োজনীয় (Original copy of the Lab Analysis Report, Non-toxic Certification, Production process of Organic Fertilizer, Copy of Trade License) কাগজ সংযুক্ত করে আবেদন করতে হয়। উক্ত সেবাটি কাউন্সিলের প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগের মৃত্তিকা ইউনিট থেকে প্রদান করা হয়। সেবাটি বিনামূল্যে প্রদান করা হয় এবং সেবা প্রদানের সময়সীমা ২৬১ কার্যদিবস।

১.১ মৃত্তিকা ইউনিট সরেজমিনে পরিদর্শনপূর্বক আবেদনকারী প্রতিষ্ঠানের জন্য সংরক্ষিত রেজিস্টার ২০২২-২০২৩ পরিবীক্ষণ করে দেখা যায়, মৃত্তিকা ইউনিট কর্তৃক মানদন্ডের ভিত্তিতে প্রাথমিক যাচাই-বাছাই করে নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহকে সেবার আওতায় আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

| ক্র. নং | সেবার নাম | সেবা গ্রহীতার নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | সেবা প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | SEAWEED EXTRACT POWDER নামক পিজিআর সারের মান নির্ধারণ | H.M. Plaza, Level-9, Suit-11, Plot# 34, Sector# 3, Uttara | ১৭/০৪/২০২৩ | প্রক্রিয়াধীন (যাচাই বাছাই সম্পন্ন হয়েছে) | মান নির্ধারণের লক্ষ্যে সার বিষয়ক কারিগরি উপ-কমিটির ৫৭ তম সভায় উক্ত প্রতিষ্ঠানের আবেদনকৃত সারের পর্যালোচনা করা হবে। |
| ২. | CLEAN VERMICOMPOST নামক জৈব সারের মান নির্ধারণ | H.M. Plaza, Level-9, Suit-11, Plot# 34, Sector# 3, Uttara | ৩০/০৪/২০২৩ | প্রক্রিয়াধীন (যাচাই বাছাই সম্পন্ন হয়েছে) | মান নির্ধারণের লক্ষ্যে সার বিষয়ক কারিগরি উপ-কমিটির ৫৭ তম সভায় উক্ত প্রতিষ্ঠানের আবেদনকৃত সারের পর্যালোচনা করা হবে। |
| ৩. | Matir Pran Jaibo Shar নামক জৈব সারের | Mamoni Crop Care & Agro Services Limited, | ১৫/০৫/২০২৩ | প্রক্রিয়াধীন (যাচাই | মান নির্ধারণের লক্ষ্যে সার বিষয়ক কারিগরি |

| ক্র. নং | সেবার নাম | সেবা গ্রহীতার নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | সেবা প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | মান নির্ধারণ | Akua Wireless Gate, (Akua Bipass), Sadar, Mymensingh | | বাছাই সম্পন্ন হয়েছে) | উপ-কমিটির ৫৭ তম সভায় উক্ত প্রতিষ্ঠানের আবেদনকৃত সারের পর্যালোচনা করা হবে। |

**মন্তব্য:** সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**২) সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন:** বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক প্রদত্ত 'সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন' সেবাটি দাপ্তরিক সেবার আওতাধীন। সেবাটি মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রের ভিত্তিতে প্রদান করা হয়। এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ০৭ (সাত) কার্যদিবস। বিষয়টি কাউন্সিলের কৃষি তথ্য কেন্দ্রের মাধ্যমে প্রদান করা হয়ে থাকে।

২.১ কৃষি তথ্য কেন্দ্র সরেজমিনে পরিদর্শনপূর্বক নথি পর্যালোচনায় দেখা যায়, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী উক্ত সেবার আওতায় নিম্নবর্ণিত সেবা প্রদান করা হয়েছে।

| ক্র. নং | সেবার নাম | সেবা গ্রহীতার নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | সেবা প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন | প্রশাসন-৫ অধিশাখা, কৃষি মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৪.০৯.০০১.২৩.১৪৭ তারিখ: ২৯/০৩/২০২৩ খ্রি. | বিএআরসি এর স্মারক নম্বর: ১২.২০.০০০০.০২৭.০৯.০০১.২১.১৭ তারিখ: ০৬/০৪/২০২৩ খ্রি. | চিঠি প্রাপ্তির তারিখ: ০২/০৪/২০২৩ |
| ০২ | সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন | প্রশাসন-৫ অধিশাখা, কৃষি মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৪.০৯.০০১.২৩.১৬৬ তারিখ: ৩০/০৩/২০২৩ খ্রি. | বিএআরসি এর স্মারক নম্বর: ১২.২০.০০০০.০২৭.০৯.০০১.২১.১৯ তারিখ: ০৯/০৪/২০২৩ খ্রি. | চিঠি প্রাপ্তির তারিখ: ০২/০৪/২০২৩ এবং প্রতিবেদনের সফটকপি ০৬/০৪/২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে |
| ০৩ | সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন | প্রশাসন-৫ অধিশাখা, কৃষি মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৪.০৯.০০১.২৩.২৩৬ তারিখ: ১৬/০৫/২০২৩ খ্রি. | বিএআরসি এর স্মারক নম্বর: ১২.২০.০০০০.০২৭.০৯.০০১.২১.২১ তারিখ: ২৩/০৫/২০২৩ খ্রি. | চিঠি প্রাপ্তির তারিখ: ১৭/০৫/২০২৩ এবং প্রতিবেদনের সফটকপি ১৮/০৫/২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে |

| ক্র. নং | সেবার নাম | সেবা গ্রহীতার নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | সেবা প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০৪ | সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন | প্রশাসন-৫ অধিশাখা, কৃষি মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০৬২.৩২. ০০৫.২০.৩০৮তারিখ: ২৫/০৫/২০২৩ খ্রি. | বিএআরসি এর স্মারক নম্বর: ১২.২০.০০০০.০২৭. ০৯.০০১.২১.২৩ তারিখ: ৩০/০৫/২০২৩ খ্রি. | প্রতিবেদনের সফটকপি ২৮/০৫/২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে |

**মন্তব্য:** সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে। সাধারণত প্রতিবেদনের সফটকপি আগেই প্রেরণ করা হয়।

**৩) ছুটি নগদায়ন:** বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের বর্ণিত সেবাটি অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এক্ষেত্রে কাউন্সিলের বিভাগ/ইউনিট/কেন্দ্রের চাহিদাপত্র বা নোট সিট প্রাপ্তি সাপেক্ষে সেবা প্রদান করা হয় । এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ১৫ (পনেরো) কার্যদিবস।

৩.১ সংস্থাপন শাখা প্রদত্ত উক্ত সেবা সংক্রান্ত নথি/ আবেদনপত্র/ নোট সিট ও রেজিস্টার পর্যালোচনায় দেখা যায়, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী উক্ত সেবার আওতায় নিম্নবর্ণিত ব্যক্তিদের এপ্রিল-জুন, ২০২৩ প্রান্তিকে সেবাটি প্রদান করা হয়েছে।

| ক্র: নং | সেবার নাম | সেবা গ্রহীতার নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | সেবা প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ছুটি নগদায়ন | জনাব মোঃ বেদন মিয়া অফিস সহায়ক বিএআরসি, ফার্মগেট, ঢাকা। | ১৭ জানুয়ারি ২০২৩ | ২৫ এপ্রিল ২০২৩ | সংস্থাপন শাখায় আবেদনপত্র প্রাপ্তির তারিখ: ২৯ জানুয়ারি ২০২৩ খ্রি: ছুটি নগদায়ন প্রদানের তারিখ: ২৫ এপ্রিল ২০২৩ |
| ২. | ছুটি নগদায়ন | জনাব মোঃ আব্দুল জলিল অফিস সহায়ক বিএআরসি, ফার্মগেট, ঢাকা। | ১৩ মার্চ ২০২৩ | ১২ জুন ২০২৩ | সংস্থাপন শাখায় আবেদনপত্র প্রাপ্তির তারিখ: ২২ মার্চ ২০২৩ খ্রি: ছুটি নগদায়ন প্রদানের তারিখ: ১২ জুন ২০২৩ |

**মন্তব্য:** ছুটি নগদায়ন সেবাটি পর্যালোচনা করতে গিয়ে দেখা যায় অধিকাংশ সেবা পিআরএল এ গমনের তারিখের অনেক আগেই আবেদন করেন। কিন্তু ছুটি নগদায়ন সেবাটি সাধারণত পিআরএল এ গমনের সময়ই দেয়া হয় ফলে তাহার আবেদনটির বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহনের জন্য পিআরএল এ গমনের কাছাকাছি সময় পর্যন্ত অপেক্ষা করতে হয়। পরবর্তীতে নির্ধারিত সময়সীমার মধ্যেই সেবাটি প্রদান করা হয়। সকল প্রয়োজনীয় কাগজপত্র ঠিক থাকলে দ্রুততম সময়ের মধ্যেই সেবাটি প্রদান করা হয়েছে।

৪) সুপারিশ:

| ক্রমিক | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ক) | সার ও সার উৎপাদনের কাচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ সেবা প্রাপ্তি নির্ধারিত কার্যদিবস কমিয়ে আনার বিষয়টি বিবেচনা করা যেতে পারে; | ড. এম বক্তীয়ার হোসেন<br>সদস্য পরিচালক (এনআরএম বিভাগ) (রুটিন দায়িত্ব) এবং<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা ইউনিট) |
| খ) | সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন সেবাটির ক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদানের নিমিত্ত সফটকপি প্রেরণের পরপরই দ্রুততম সময়ে চিঠির মাধ্যমে প্রতিবেদনটি প্রেরণের ব্যবস্থা করা যেতে পারে; | ড. সুস্মিতা দাস<br>প্রিন্সিপাল ডকুমেন্টেশন অফিসার<br>কৃষি তথ্য কেন্দ্র |
| গ) | ছুটি নগদায়ন সেবাটি প্রদানের ক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত সময়ে মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | জনাব মোহাম্মদ মাহবুবুল হাসান<br>উপ-পরিচালক (সংস্থাপন) |
| ঘ) | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সকল সেবা প্রদানের জন্য বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা-কে পত্র প্রেরণ করা যেতে পারে; | মো: সাজ্জাদুর রহমান সরকার<br>সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার ও সদস্য সচিব<br>সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বিএআরসি |

২৫/০৫/২০২৩

(মো: সাজ্জাদুর রহমান সরকার)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
(এইআরএস) (অ.দা.) ও
সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার
এবং
সদস্য সচিব
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
বিএআরসি

২৫/০৫/২০২৩

(মোঃ মমিনুল ইসলাম)
সিনিয়র সহকারী পরিচালক
(অডিট)
এবং
সদস্য
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
বিএআরসি

২৫/৫/২৩

(মোঃ আল মোবাচ্ছের হোসেন)
প্রিন্সিপাল ট্রেনিং অফিসার
(জনশক্তি ও প্রশিক্ষণ)
এবং
সদস্য
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
বিএআরসি

২৬/০৫/২৩

(হাসান মোঃ হামিদুর রহমান)
পরিচালক (কম্পিউটার ও জিআইএস)
এবং
আহবায়ক
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বিএআরসি